দৈনিক ইত্তেফাক

7/8/2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের বিরুদ্ধে ১৫ দফা অভিযোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ গাড়ী ক্রয়ে জালিয়াতিসহ বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ তুলিয়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের বর্তমান চেয়ারম্যান ডঃ আবু বকর সিদ্দিকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা শিক্ষা বোর্ডের

(শেষ পৃষ্ঠার পর)

সচিবের নিকট পৃথকভাবে আবেদন করা হইয়াছে। ছাত্রলীগের পক্ষ হইতে এই আবেদনপত্রে ডঃ আবু বকর সিদ্দিকের বিরুদ্ধে ১৫ দফা অভিযোগ উত্থাপন করা হইয়াছে।

অভিযোগনামায় বলা হইয়াছে, ডঃ আবু বকর সিদ্দিক চুক্তিভিত্তিক চেয়ারম্যান হিসাবে যোগদান করিয়াই রেজিষ্ট্রার তমিজউদ্দিনকে নিয়া নূতন গাড়ী কিনিতে যান। ১৬ লক্ষ টাকার গাড়ী ২৮ লক্ষ ২৫ হাজার টাকায় ক্রয় করেন। জরুরী কাজের অজুহাত দেখাইয়া মাস্টাররোলে ৩ জন কর্মচারীকে নিয়োগ করিয়া ঈদ বোনাস হিসাবে ৯ হাজার টাকা প্রদান করেন। পর্যাপ্ত ড্রাইভার থাকা সত্ত্বেও ঘুষের বিনিময়ে একজন ড্রাইভার নিয়োগ দেন। ভুয়া ঠিকানা ব্যবহার করিয়া নিজস্ব এলাকার একজন লোককে কম্পিউটার অপারেটর হিসাবে নিয়োগ দেন ইত্যাদি।